

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.০১.০০.০১৮.২০১১-১৪৪

তারিখঃ ২৪.০৩.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী (কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিস্তির অর্থ ছাড়করণ সংক্রান্ত।

জ্ঞাব

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী (কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ৯৯৬.২৫ লক্ষ ( নয় কোটি ছিয়ানব্বই লক্ষ পঁচিশ হাজার) (রাজস্ব ৭৩.৭৫ লক্ষ + মূলধন ৯২২.৫০ লক্ষ) টাকার (১০.০৮.২০১৫ তারিখের নং ৪৫.১৭২.০১.০০.০১৮.২০১১-৫২৩ সংখ্যক সরকারী আদেশ অনুমোদিত বিভাজন অনুযায়ী) ছাড়করণের নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

উবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে।
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে;
- ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম-৩য় কিস্তির ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী (কোড নং-৫-২৭১১-৫০৬০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০৩। অপারেশনাল প্লানে বর্ণিত কোড/সাব কোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মণচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৪। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ- তে প্রেরণ নিশ্চিত করতে হবে।


০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ২৩.০৩.২০১৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৫.২০১২-১৪৮ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতির আলোকে জারী করা হলো।

(সুশীল কুমার পাল)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
(শৌলিক কুমার পাল)  
সহকারী সচিব